

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি


(শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৭ ও মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন)

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪ ডিসেম্বর রোজ বৃহস্পতিবার 'শহীদ বুদ্ধিজীবী দিবস' ২০১৭ইং পালন এবং আগামী ১৬ ডিসেম্বর রোজ শনিবার 'মহান বিজয় দিবস' ২০১৭ইং উদযাপন উপলক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নিম্নোক্ত কর্মসূচী গ্রহন করা হয়েছে।

তারিখ	সময়	অনুষ্ঠানসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
শহীদ বুদ্ধিজীবী দিবস ১৪/১২/২০১৭ইং বৃহস্পতিবার	সূর্যোদয়ের সাথে সাথে	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে প্রশাসনিক ভবন, ডাইস-চ্যাম্পেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন (জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে) এবং কালো পতাকা উত্তোলন।	নিরাপত্তা শাখা ও হল কর্তৃপক্ষ
	১০:৩০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শোক-ব্যালি অংশগ্রহন করবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ। স্থানঃ প্রশাসনিক ভবনের সম্মুখ হতে।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১১:০০ থেকে ১৩:০০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা। অংশগ্রহন করবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র- ছাত্রীবৃন্দ। স্থানঃ স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	বাদ আসর	বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান।	মসজিদ কমিটি
	১৮:০০ মিঃ	আলোর মিছিল অংশগ্রহন করবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র- ছাত্রীবৃন্দ।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১৮:৩০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে নাটক। স্থানঃ স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর ২০১৭ইং শনিবার	সূর্যোদয়ের সাথে সাথে	প্রশাসনিক ভবন, ডাইস-চ্যাম্পেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	নিরাপত্তা শাখা ও হল কর্তৃপক্ষ
	৯:০০ মিঃ থেকে ১০:০০ মিঃ	মহান বিজয় দিবসের উপর শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ (শুধুমাত্র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের জন্য প্রযোজ্য) স্থানঃ স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।	রেজিস্ট্রার এর দপ্তর
	৯:৩০ মিঃ থেকে ১০:০০ মিঃ	গণসংগীত। স্থানঃ "দুর্বার বাংলা" এর চত্বর।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	সকাল ১০:০০ মিঃ	ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য "দুর্বার বাংলা" এর পাদদেশে শ্রদ্ধাঞ্জলি অর্পণ। (অংশগ্রহণ- বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ)	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১৫:৩০ মিঃ	প্রীতি ফুটবল ম্যাচ (শিক্ষক বনাম ছাত্র) স্থানঃ বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠ।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	বাদ আসর	বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান।	মসজিদ কমিটি
	১৮:০০ মিঃ	মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা ও দিবসের সাথে সঙ্গতিপূর্ণ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানঃ স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর

উপরোক্ত কর্মসূচীতে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীদেরকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ডাইস-চ্যাম্পেলর মহোদয়ের নির্দেশক্রমে,


০৯/১২/১৭
(জি.এম. শহীদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সারক নং-খুপ্রবি/ ১৪৬৬/১০

তারিখঃ ৯/১২/১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। উপরোক্ত অনুষ্ঠানসূচী তাঁর অধীনে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর দপ্তরের উপর অর্পিত অনুষ্ঠানগুলো সুসম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তিটি সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।